# সফটওয়্যারের কারুকাজ

## উইন্ডোজ ১০ ব্যবহারকারীদের জন্য কিছু টিপ

### স্টার্ট মেনুতে ফোল্ডার যুক্ত করা

উইন্ডোজ ১০-এ স্টার্ট মেনুতে নতুন ফোল্ডার যুক্ত করার জন্য নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করতে হবে :

ডেস্কটপে ডান ক্লিক করে Personalize বেছে নিন। Start সিলেক্ট করুন।

এবার Choose which folders appear on Start-এ ক্লিক করুন।

### স্টার্ট মেনু থেকে টাইল অপসারণ করা

উইন্ডোজ ১০-এ স্টার্ট মেনু থেকে টাইলস অপসারণ করার জন্য নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করুন :

Start বাটনে ক্লিক করুন।

এবার যে টাইলসকে অপসারণ করতে চান, সেই টাইলসে ডান ক্লিক করুন।

এবার Unpin from Start বেছে নিন।

### ডিফল্ট ব্রাউজার পরিবর্তন করা

উইন্ডোজ ১০-এ ডিফল্ট ব্রাউজার পরিবর্তন করতে চাইলে নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করতে হবে :

Start বাটনে ক্লিক করুন।

এরপর Settings → System → Default Apps-এ ক্লিক করুন।

এবার স্ক্রল ডাউন করে Web Browser সিলেক্ট করুন।

এবার আপনার কাঙ্ক্ষিত ওয়েব ব্রাউজার বেছে নিন।

### স্বয়ংক্রিয় রিস্টার্ট ডিজ্যাবল করা

উইন্ডোজ ১০-এ স্বয়ংক্রিয় রিস্টার্ট ডিজ্যাবল করার জন্য নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করুন :

Start বাটনে ক্লিক করুন।

এবার New Update & Security → Windows Update → Advanced Options-এ ক্লিক করুন।

এবার ড্রপডাউন মেনু থেকে Notify to schedule restart বেছে নিন।

### গড মোড টুল তৈরি করা

উইন্ডোজ ১০-এ গড মোড টুল তৈরি করার জন্য নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করুন :

ডেস্কটপে ডান ক্লিক করুন।

এবার New → Folder-এ ক্লিক করুন।

ফোল্ডারের নতুন নাম করুন GodMode.{ED7BA470-8E54-465E-825C-99712043E01C}।

এর ফলে আইকনের লেবেল করুন GodMode হিসেবে।

*আবদুল আউয়াল*
*উত্তরা, ঢাকা*

## ক্র্যাপওয়্যার আনইনস্টল করা

পিসি প্রস্তুতকারকেরা সাধারণত নতুন পিসির সাথে প্রচুর পরিমাণে সফটওয়্যার প্রিইনস্টল অবস্থায় দিয়ে থাকে ক্রেতাদের অনুমতি ছাড়াই। এসব অনাকাঙ্ক্ষিত সফটওয়্যারই যা ক্র্যাপওয়্যার হিসেবে পরিচিত। এসব অনাকাঙ্ক্ষিত সফটওয়্যার আনইনস্টল করার জন্য নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করুন :

Start বাটনে ট্যাব করুন এবং নিচে All apps-এ ট্যাব করুন।

এবার অনাকাঙ্ক্ষিত প্রোগ্রামে ডান ক্লিক করে Uninstall সিলেক্ট করুন। এর ফলে তাৎক্ষণিকভাবে প্রোগ্রামটি আনইনস্টল হবে। আপনি Windows Logo Start বাটনে ডান ক্লিক করে Programs and Features অপশন বেছে নিতে পারেন। আপনি ইচ্ছে করলে স্টার্ট বাটনের পাশে Ask me anything বক্সে Programs in the Cortana টাইপ করে এন্টার করতে পারেন।

এর ফলে জাঙ্ক অ্যাপের লিস্ট পাবেন এবং যেগুলো আপনার দরকার নেই, সেগুলো সিলেক্ট করে Uninstall-এ ক্লিক করুন। দুর্ভাগ্যজনকভাবে আপনি শুধু একটি একটি করে প্রোগ্রাম রিমুভ করতে পারবেন।

মনে রাখা দরকার, উইন্ডোজ ১০-এ দুই ধরনের অ্যাপ্লিকেশন রয়েছে। প্রথমত, গতানুগতিক ধরনের এবং দ্বিতীয়ত, আধুনিক উইন্ডোজ স্টোর অ্যাপস। পরেরটি অর্থাৎ উইন্ডোজ স্টোর অ্যাপ রিমুভ করার জন্য Settings অ্যাপের Apps & Features পেজে যেতে হবে। এখানে আপনি উভয় ধরনের অ্যাপ পাবেন।

### স্টার্টআপ প্রসেসকে সীমিত করা

প্রচুর পরিমাণে প্রোগ্রাম ইনস্টল হয় সাইড প্রসেস হিসেবে, যা প্রতিবার পিসি স্টার্ট হওয়ার সাথে সাথে রান করে। এসব প্রোগ্রামের কোনো কোনোটি সিস্টেমে রান করানোর দরকার নেই। স্টার্টআপ প্রসেসে যাতে সীমিত প্রোগ্রাম রান করে তার জন্য উইন্ডোজ ৭-এ রয়েছে MSCONFIG ইউটিলিটি। পক্ষান্তরে, উইন্ডোজ ১০-এর জন্য রয়েছে তুলনামূলকভাবে সহজতর উপায় আপডেটেড টাস্ক ম্যানেজার।

টাস্ক ম্যানেজারকে ইনভোক করানোর সহজতম উপায় হলো Ctrl → Shift → Esc চাপা। এবার স্টার্টআপ ট্যাবে সুইচ করলে উইন্ডোজ স্টার্টআপের সময় লোড হওয়া সব প্রোগ্রাম দেখতে পারবেন কলাম আকারে। স্ট্যাটাস কলাম প্রদর্শন করে যে প্রোগ্রামটি তা স্টার্টআপে রান করার জন্য এনাবল কি না। আপনি স্ট্যাটাস পরিবর্তন করার জন্য যেকোনো এন্ট্রিতে ডান ক্লিক করতে পারেন।

*পারুল আক্তার*
*ইব্রাহিমপুর, ঢাকা*

## উইন্ডোজ ১০-এ কিছু কিবোর্ড শর্টকাট

কমপিউটিং বিশ্বে ব্যবহারকারীরা তাদের কাজের গতি বাড়াতে পারেন কিছু কিবোর্ড শর্টকাটে অভ্যস্ত হয়ে। উইন্ডোজ ১০ অপারেটিং সিস্টেমের নিচে কিছু কিবোর্ড শর্টকাট তুলে ধরা হয়েছে :

| | | |
|---|---|---|
| WIN | : | স্টার্ট মেনু ওপেন হবে। |
| WIN + G | : | গেম বার ওপেন হবে। |
| WIN + X | : | স্টার্ট বাটন কনটেক্সট মেনু ওপেন হবে। |
| WIN + K | : | ওয়্যারলেস ডিভাইসের সাথে যুক্ত হবে। |
| WIN + H | : | কনটেন্ট শেয়ার করবে। |
| WIN + A | : | অ্যাকশন সেন্টার ওপেন হবে। |
| WIN + I | : | সেটিং অ্যাপ ওপেন হবে। |
| Win + Tab | : | উইন্ডোজ টাস্ক ভিউ টোগাল করবে। |
| Win + C | : | ভয়েজ ব্যবহার করে কর্টনাকে স্পোকেন কোয়েরি করা। |
| Win + S | : | টেক্সট বক্সে কোয়েরি টাইপ করে কর্টনা দিয়ে সার্চ করা। |
| Win + X | : | স্টার্ট হবে কনটেক্সট মেনু, যা স্টার্ট মেনুতে ডান ক্লিক করে পাওয়া যায়। |
| Win + L | : | এক স্টেপে মেশিন লক করার জন্য। |
| Win + E | : | উইন্ডোজ ফাইল এক্সপ্লোরার চালু করা। |
| Win + Print Scn | : | বর্তমান ডেস্কটপের একটি ইমেজ ক্যাপচার করার সাথে সাথে সেভ করার জন্য। |
| Win+ Ctrl + D | : | নতুন ভার্চুয়াল ডেস্কটপ তৈরি করা। |
| Win + Ctrl + F4 | : | সব ভার্চুয়াল ডেস্কটপ বন্ধ করা। |
| Win + Ctrl + Left | : | ভার্চুয়াল ডেস্কটপের মধ্যে সুইচ করবে। |
| Win + Ctrl + Right | : | ভার্চুয়াল ডেস্কটপের মধ্যে সুইচ করবে। |

*জামাল উদ্দিন*
*আম্বারখানা, সিলেট*

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপ্স ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে– আবদুল আউয়াল, পারুল আক্তার ও জামাল উদ্দিন।*